তারিখ · 10 · JAN 2015 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ......

# দেশে এখন শিক্ষার্থী নেই আছে পরীক্ষার্থী আর গ্রেডার্থী

## বঙ্গসংস্কৃতি উৎসবে সংস্কৃতিমন্ত্রী

**ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, দুঃখজনক হলেও সত্যি এখনকার মায়েরা তাদের সন্তানের মনের সঠিক বিকাশ হোক, সন্তান সুস্থ থাকুক সেটা চান না। তারা চান জিপিএ-৫। তাই এখন আর দেশে কোনো শিক্ষার্থী নেই— সবাই এখন পরীক্ষার্থী, গ্রেডার্থী। জিপিএ-৫ না পেলে জীবন যেন ব্যর্থ হয়ে যায়। শনিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার চিনাইর বঙ্গবন্ধু শেখ মুজিব অনার্স কলেজ মাঠে আয়োজিত তিনদিনব্যাপী বঙ্গসংস্কৃতি উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ব্রাহ্মণবাড়িয়া সাহিত্য একাডেমি, চিনাইর বঙ্গবন্ধু শেখ মুজিব অনার্স কলেজ ও চিনাইর আঞ্জুমান আরা উচ্চ বিদ্যালয় যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করেছে। মন্ত্রী বলেন, ধর্মের নামে মানুষ হত্যাকে ইসলাম সমর্থন করে না। ইসলাম হচ্ছে শান্তি-সম্প্রীতি, মানবপ্রেম আর সহনশীলতার ধর্ম।

ব্রাহ্মণবাড়িয়া-৩ আসনের সংসদ সদস্য ও বঙ্গসংস্কৃতি উৎসবের চেয়ারম্যান উবায়দুল মোকতাদির চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন বিশেষ অতিথি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, ত্রিপুরার বিশিষ্ট কবি দিলীপ দাস, উৎসবের আহ্বায়ক অ্যাডভোকেট আবু তাহের, অধ্যক্ষ মকবুল আহমেদ, উপমহাদেশের প্রখ্যাত বংশীবাদক ওস্তাদ ক্যাপ্টেন আজিজুল ইসলাম ও বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক মোরশেদুল ইসলাম। এতে উপস্থিত ছিলেন কবি কাজী রোজী এমপি, জেলা প্রশাসক ড. মুহাম্মদ মোশাররফ হোসেন, ভারপ্রাপ্ত পুলিশ সুপার এমএ মাসুদ, বিশিষ্ট ছড়াকার রফিকুল হক দাদু ভাই, আসলাম সানী। স্ব স্ব ক্ষেত্রে বিশেষ অবদান রাখায় ব্রাহ্মণবাড়িয়ার দুই কৃতী সন্তান আজিজুল ইসলাম ও মোরশেদুল ইসলামকে সংবর্ধিত করা হয়।

অনুষ্ঠানে মন্ত্রী আসাদুজ্জামান নূর ও বিশিষ্ট আবৃত্তি শিল্পী গোলাম সারোয়ার আবৃত্তি করে উপস্থিত সবাইকে মুগ্ধ করেন। তিন দিনের উৎসবে থাকছে দুই বাংলার কবি-সাহিত্যিকদের সম্মেলন, লোক গান, কবিতা আবৃত্তি, নাচ ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং বিভিন্ন বিষয়ে সেমিনার।